**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।

**এস.আর.ও নং ২১২-আইন/আয়কর-৩/২০২৬।**—আয়কর আইন, ২০২৩ (২০২৩ সনের ১২ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৭৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, স্থানীয়ভাবে উৎপাদিত তৈল বীজকে কাঁচামাল হিসেবে ব্যবহারকারী ভোজ্যতেল উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠানের অর্জিত আয়ের উপর, নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে এবং নিম্নে উল্লিখিত সারণী মোতাবেক, উক্ত আইনের অধীন প্রদেয় আয়কর হতে অব্যাহতি প্রদান করিল, যথা:—

**সারণী**

| **কর অব্যাহতির মেয়াদ** | **কর অব্যাহতির হার** |
|---|---|
| প্রথম ৫ (পাঁচ) বৎসর (প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম বৎসর) | ১০০% |
| পরবর্তী ৩ (তিন) বৎসর (ষষ্ঠ, সপ্তম ও অষ্টম বৎসর) | ৫০% |
| পরবর্তী ২ (দুই) বৎসর (নবম ও দশম বৎসর) | ২৫% |

**শর্তাবলি:**

(ক) আয়কর আইন, ২০২৩ এর বিধানাবলি পরিপালন করিতে হইবে;

(খ) প্রতিষ্ঠানটি কোম্পানী আইন, ১৯৯৪ এর অধীন নিবন্ধিত হইতে হইবে;

(গ) প্রতিষ্ঠানটিকে অবশ্যই স্থানীয়ভাবে উৎপাদিত তৈল বীজকে কাঁচামাল হিসেবে ব্যবহার করিয়া ভোজ্যতেল উৎপাদন করিতে হইবে;

(ঘ) কর অব্যাহতি সুবিধা কেবল ভোজ্যতেল উৎপাদন কার্যক্রম হইতে অর্জিত আয়ের ক্ষেত্রে প্রযোজ্য হইবে এবং উক্ত আয়ের পৃথক হিসাব সংরক্ষণ করিতে হইবে;

(ঙ) প্রতিষ্ঠানটিকে প্রতি আয়বর্ষে নিরীক্ষিত হিসাব বিবরণী ও স্থানীয়ভাবে উৎপাদিত তৈল বীজ ব্যবহারের তথ্য দাখিল করিতে হইবে; এবং

(চ) ভোজ্যতেল উৎপাদনকারী শিল্প প্রতিষ্ঠান অন্য কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানকে অর্থ পরিশোধকালে আয়কর আইনের বিধান অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে উৎস কর (TDS) কর্তন করিতে হইবে ও তাহা সরকারি কোষাগারে জমা প্রদান করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৬ তারিখ হইতে কার্যকর হইবে।

**রাষ্ট্রপতির আদেশক্রমে,**

**মোঃ আবদুর রহমান খান এফসিএমএ**
সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়